

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
জাতীয় রাজস্ব বোর্ড  
ঢাকা।

[মূসক অনুবিভাগ]

সাধারণ আদেশ নং-০৬/মূসক/২০১৪ তারিখঃ ২২ জ্যৈষ্ঠ, ১৪২১ বঙ্গাব্দ/০৫ জুন, ২০১৪ খ্রিঃ।

মূল্য সংযোজন কর বিধিমালা, ১৯৯১ এর বিধি ৩৮ এ প্রদত্ত ক্ষমতাবলে, জাতীয় রাজস্ব বোর্ডের ০৬ জুন, ২০১৩ খ্রিঃ তারিখের সাধারণ আদেশ নং ২৮/মূসক/২০১৩ এর নিম্নরূপ অধিকতর সংশোধন করিল, যথাঃ-

উপরি-উক্ত আদেশের -

(ক) অনুচ্ছেদ ৩ এর উপ-অনুচ্ছেদ (ঘ) এর শেষাংশে উল্লিখিত দাঁড়ি (।) এর পরিবর্তে সেমিকোলন (;) প্রতিস্থাপিত হইবে, অতঃপর নিম্নরূপ শর্তাংশ সন্নিবেশিত হইবে, যথাঃ-

“তবে শর্ত থাকে যে, কোন ব্যবসায়ী কর্তৃক তাহার নিজস্ব নিয়ন্ত্রণাধীন/মালিকানাধীন পণ্যাগারে রক্ষিত উপকরণ/পণ্য সরবরাহের ক্ষেত্রে বাণিজ্যিক আমদানিকারক, ব্যবসায়ী ও ক্ষুদ্র খুচরা ব্যবসায়ী কর্তৃক পণ্য সরবরাহের উপর আরোপনীয় মূল্য সংযোজন কর আদায় বিধিমালা, ২০১২, অতঃপর বিধি বলিয়া উল্লিখিত, এর-

(অ) বিধি ৪(খ) এর বিধান অনুযায়ী তাহার আমদানিকৃত পণ্যের ক্ষেত্রে আমদানি পর্যায়ে ২৬.৬৭ শতাংশ হারে নির্ধারিত মূল্য সংযোজন ও তাহার ভিত্তিতে ৪ শতাংশ হারে পরিশোধিত অগ্রিম মূল্য সংযোজন কর কে চূড়ান্ত বিবেচনা করিলে তৎসংশ্লিষ্ট বিধানাবলী;

(আ) বিধি ৪(খখ) এর বিধান অনুযায়ী প্রকৃত মূল্য সংযোজনের ভিত্তিতে পণ্য সরবরাহের ক্ষেত্রে তৎসংশ্লিষ্ট বিধানাবলী; এবং

(ই) বিধি ৫ এর উপ-বিধি (১২) এর আওতায় কার্যক্রম পরিচালনাকারীর ক্ষেত্রে তৎসংশ্লিষ্ট বিধানাবলী প্রযোজ্য হইবে।

(খ) অনুচ্ছেদ ৪ এর শেষাংশে উল্লিখিত দাঁড়ি (।) এর পরিবর্তে সেমিকোলন (;) প্রতিস্থাপিত হইবে, অতঃপর নিম্নরূপ শর্তাংশ সন্নিবেশিত হইবে, যথাঃ-

“তবে শর্ত থাকে যে, কেবলমাত্র নিজস্ব নিয়ন্ত্রণাধীন/মালিকানাধীন পণ্যাগারে রক্ষিত উপকরণ/পণ্য প্রকৃত মূল্য সংযোজনের ভিত্তিতে উক্ত পণ্যাগার হইতে সরবরাহকারী ব্যবসায়ী [অনুচ্ছেদ ৩ এর শর্তাংশের দফা (আ)] সংশ্লিষ্ট বিধানাবলী পরিপালন সাপেক্ষে উপকরণ কর রেয়াত গ্রহণ করিতে পারিবেন।

জাতীয় রাজস্ব বোর্ডের আদেশক্রমে,

( মোঃ শওকাত হোসেন )  
প্রথম সচিব (মূসক নীতি)

